“বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫” এর পরিমার্জিত খসড়ার বিষয়ে সর্বসাধারণ ও স্টেকহোল্ডারগণের মতামত ই-মেইলে আগামী ২৩.০৪.২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

মতামত পাঠানোর ঠিকানা:

**d.adfin@bhtpa.gov.bd.**

**shofique@bhtpa.gov.bd**

# সর্বসাধারণের মতামতের জন্য উপস্থাপিত খসড়া

## বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (খসড়া)

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ করা হইলঃ-

| | |
|---|---|
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ২ এ উপধারা ৩, ৬, ১০ (ক) ও ১২ সংশোধন** | (৩) **"ডেভেলপার"** অর্থ এইরূপ কোন ব্যক্তি যিনি হাই-টেক পার্ক স্থাপনের উদ্দেশ্যে কর্তৃপক্ষের সহিত অংশীদারিত্বের ভিত্তিতে চুক্তির মাধ্যমে পার্কের ভৌত অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার **দায়িত্বপ্রাপ্ত বা** এইরূপ কোন **প্রতিষ্ঠান যা কর্তৃপক্ষের নিকট হইতে** কোনো **পার্ক নির্মাণ, ব্যবস্থাপনা বা পরিচালনার জন্য অনুমতিপ্রাপ্ত;**<br><br>৬) "পার্ক" অর্থ এই আইনের অধীন সরকার কর্তৃক হাই-টেক শিল্প স্থাপনের উদ্দেশ্যে নির্দিষ্টকৃত স্থান অথবা সরকার কর্তৃক অনুমতিপ্রাপ্ত হাই-টেক শিল্প স্থাপনের উদ্দেশ্যে ব্যক্তি উদ্যোক্তা কর্তৃক নিদিষ্টকৃত স্থান; এবং সরকার কর্তৃক ঘোষিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, টেলিকমিউনিকেশন এবং তথ্য প্রযুক্তি নির্ভর শিল্পের জন্য প্রতিষ্ঠিত আইটি পার্ক, আইটি ভিলেজ, টেকনোলজি পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, বায়ো-টেক পার্ক, রিনিউএবল এনার্জি পার্ক, গ্রীন টেকনোলজি পার্ক, হার্ড ওয়্যার পার্ক, সায়েন্স পার্ক, ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, ডিজিটাল সার্ভিস এন্ড এমপ্লয়মেন্ট সেন্টার, টেকনোলজি ইনস্টিটিউট, একাডে**মি এবং** সরকার কর্তৃক **অনুমোদিত ও** নির্দিষ্টকৃত অন্য যে-**কোনো প্রতিষ্ঠান** অন্তর্ভুক্ত হইবে;<br>(১০ক) 'নির্বাহী চেয়ারম্যান' অর্থ কর্তৃপক্ষ এর নির্বাহী চেয়ারম্যান;<br>(১২) **'হাই-টেক শিল্প'** অর্থ জ্ঞান ও পুঁজি নির্ভর, পরিবেশবান্ধব এবং ইনফরমেশন টেকনোলজি (আইটি), সফটওয়্যার টেকনোলজি, বায়ো-টেকনোলজি, রিনিউএবল এনার্জি, গ্রিন টেকনোলজি, হার্ডওয়্যার, ইনফরমেশন টেকনোলজি এনাবল্ড সার্ভিসেস (আইটিইএস), **ডেটা সেন্টার, টেস্টিং ল্যাবরেটরি,** রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) নির্ভর শিল্প এবং সময়ের সাথে সাথে **সরকার কর্তৃক নির্ধারিত ও নির্দিষ্টকৃত প্রকৌশল ও প্রযুক্তি সম্পরকিত শিল্প।"** |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৪ সংশোধন** | **৪। প্রধান কার্যালয়।**- কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় **ও দেশের বাহিরে লিয়াজোঁ অফিস স্থাপন করিতে পারিবে।** |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৫ সংশোধন** | **৫। কর্তৃপক্ষের উদ্দেশ্য ও কার্যাবলী।**- কর্তৃপক্ষের উদ্দেশ্য হইবে বাংলাদেশে হাই-টেক শিল্প স্থাপন ও বিকাশের জন্য দেশের বিভিন্ন স্থানে সরকার কর্তৃক অথবা বেসরকারি উদ্যোগে পার্ক স্থাপন এবং উহার সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালনা, **উদ্যোক্তা ও দক্ষ মানবসম্পদ তৈরি , কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা প্রদান ও এতৎসম্পর্কিত প্রয়োজনীয় সকল অবকাঠামো তৈরি** এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। |

| | |
|---|---|
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৭ এ উপধারা-১ এর গ, ঘ, ঙ, চ ও ছ সংশোধন** | (গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্বপ্রাপ্ত **মন্ত্রী বা** প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী;<br>(ঘ) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব; গভর্নর, বাংলাদেশ ব্যাংক, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড; নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ; **এবং** শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ বিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পররাষ্ট্র_মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিবগণ;<br>**(ঙ)** সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;<br>(চ) নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ;<br>(ছ) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ। |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৭ এ উপধারা- ২ ও ৩ সংশোধন** | (২) বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান, প্রয়োজনবোধে, তৎকর্তৃক মনোনীত কোনো মন্ত্রীকে, যিনি বোর্ড অব গভর্নরস-এরও সদস্য, বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালনের অনুমতি প্রদান করিতে পারিবেন।<br>(৩) কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যানের পূর্বানুমোদনক্রমে, সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ যে-কোনো ব্যক্তিকে বোর্ডের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে অথবা কোনো সদস্যকে বোর্ড হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে। |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৮ এ উপধারা ১ এর ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ এবং উপধারা ২ ও ৩ সংশোধন** | **৮। নির্বাহী কমিটি।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষরে একটি নির্বাহী কমিটি গঠিত হইবে, যথাঃ-<br>(ক) ডাক, টলেযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, যিনি ইহার সভাপতিও হইবেন;<br>(খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের **প্রতমিন্ত্রী** বা উপ-মন্ত্রী, যিনি ইহার **সহ-সভাপতিও** হইবেন;<br>(গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক টেলিযোগাযোগ বিভাগের সচিব;<br>(ঘ) অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদ্যুৎ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রনালয়, পররাষ্ট্র মন্ত্রনালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ০১ (এক) জন করিয়া প্রতিনিধি;<br>(ঙ) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;<br>(চ) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ;<br>(ছ) সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস;<br>(জ) সদস্য, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ;<br>(ঝ) **নির্বাহী চেয়ারম্যান,** বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।<br>(ঞ) সরকার কর্তৃক মনোনীত বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রহিয়াছে এইরূপ ২ (দুই) জন ব্যক্তি।<br><br>(২) উপধারা (১)-এর দফা **(ঞ)**-এর অধীন মনোনীত ব্যক্তির সদস্য পদের মেয়াদ হইবে তাঁহার মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসর: তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, যে-কোনো সময় মনোনীত যে-কোনো সদস্যকে মেয়াদ শেষ হইবার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।<br>(৩) উপধারা (১)-এর দফা **(ঞ)**-এ মনোনীত যে-কোনো সদস্য **নির্বাহী কমিটির সভাপতির নিকট** স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।” |

| | |
|---|---|
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ১২ এ উপধারা ১,২ ও ৩ এর সংশোধন** | **১২। ব্যবস্থাপনা পরিচালক।–**<br>(১) কর্তৃপক্ষের একজন নির্বাহী চেয়ারম্যান থাকিবে।<br>(২) নির্বাহী চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হইবে এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।<br>(৩) নির্বাহী চেয়ারম্যান কর্তৃপক্ষের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবে এবং তিনি-<br>(ক) নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন; এবং<br>(খ) নির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক কর্তৃপক্ষের অন্যান্য কার্য সম্পাদন করিবেন। |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ১৫ এ** | **১৫। হাই-টেক পার্ক এর জন্য বিশেষ শুল্ক সুবিধা।**-আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকার- (ক) সরকারি গেজেটে এবং তদতিরিক্ত ঐচ্ছিকভাবে ইলেকট্রনিক গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত রাখিয়া, পার্কে স্থাপিত হাই-টেক শিল্প-কারখানার ক্ষেত্রে বিশেষ শুল্ক সুবিধা প্রদান করিতে পারিবে; এবং (খ) দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধান অনুসারে পার্কে স্থাপিত হাই-টেক শিল্প কারখানাসমূহে আমদানি ও রপ্তানি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে বিশেষ ব্যবস্থা প্রবর্তন করিতে পারিবে। গবেষণা ও উন্নয়ন (R&D) ভিত্তিক কোম্পানি ও স্টার্টআপ কোম্পানিগুলোর জন্য বিশেষ প্রণোদনা (যেমন: ট্যাক্স ক্রেডিট, অনুদান) ব্যবস্থা প্রবর্তন করিতে পারিবে। |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ২১ এর সংশোধন** | ২১। ওয়ান স্টপ সার্ভিস।- কর্তৃপক্ষ, পার্কে হাই-টেক শিল্প স্থাপনে আগ্রহী ব্যক্তি বা ডেভেলপারকে, উপযুক্ত ফি ও সার্ভিস চার্জ গ্রহণ সাপেক্ষে, নিম্নবর্ণীত সেবা, ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮ (২০১৮ খ্রিষ্টাব্দের ১০ নং আইন)-এর বিধান অনুসরণক্রমে উক্ত আইনে বর্ণিত সেবাসহ প্রয়োজনীয় যে-কোনো সেবা প্রদান করিতে পারিবে। যথাঃ-<br>(ক) পার্কে ভূমি নির্বাচনের অনুমতি;<br>(খ) রেসিডেন্ট ও নন-রেসিডেন্ট ভিসা;<br>(গ) ওয়ার্ক পারমিট;<br>(ঘ) নির্মাণ পারমিট;<br>(ঙ) হাই-টেক শিল্প স্থাপনের লক্ষ্যে পার্কে প্লটসমূহ বরাদ্দ বা ভাড়া বা ইজারা প্রদানের ব্যবস্থা;<br>(চ) পানি, গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন ইত্যাদির সংযোগ ও সরবরাহ; এবং<br>(ছ) পার্ক সংশ্লিষ্ট অন্যান্য কার্যাদি। |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ২৭ এ উপধারা ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ ণ ও ত সংযোজন** | **২৭। কতিপয় আইনের প্রয়োগ হইতে অব্যাহতি**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, পার্ক স্থাপন, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য বিনিয়োগ আকৃষ্ট করিবার উদ্দেশ্যে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে-কোনো পার্ককে নিম্নবর্ণিত সকল বা যে-কোনো আইনের সকল বা যে-কোনো বিধান হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে অথবা এই মর্মে নির্দেশ প্রদান করিতে পারিবে যে, উক্ত সকল বা যে-কোনো আইনের বিধানাবলি, প্রজ্ঞাপনে বিধৃত পরিবর্তন বা সংশোধন-সাপেক্ষে, কোন পার্কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা :<br>(ক) Municipal Taxation Act, 1881 (Act No. XI of 1881);<br>(খ) Explosives Act, 1884 (Act No. IV of 1884);<br>(গ) Stamp Act, 1899 (Act No. II of 1899); |

| | |
|---|---|
| | (ঘ) Boilers Act, 1923 (Act No. V of 1923);<br>(ঙ) Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947);<br>(চ) Building Construction Act, 1952 (E. B. Act No. II of 1953);<br>(ছ) Land Development Tax Ordinance, 1976 (Ord. No. XLII of 1976);<br>(জ) Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984);<br>(ঝ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ (২০০৩ খ্রিষ্টাব্দের ৭ নং আইন);<br>(ঞ) বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (২০০৬ খ্রিষ্টাব্দের ৪২ আইন);<br>(ট) স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ (২০০৯ খ্রিষ্টাব্দের ৫৮ নং আইন);<br>(ঠ) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ (২০০৯ খ্রিষ্টাব্দের ৬০ নং আইন);<br>(ড) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ (২০০৯ খ্রিষ্টাব্দের ৬১ নং আইন);<br>(ঢ) মূল্য সংযোজন কর আইন ২০১২ (২০১২ খ্রিষ্টাব্দের ৪৭ নং আইন);<br>(ণ) বিদ্যুৎ আইন ২০১৮ (২০১৮ খ্রিষ্টাব্দের ৭ নং আইন; এবং<br>(ত) সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোনো আইন" |
| **বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১৪)- এর ধারা ৩১ এ উপধারা ২ (ক) সংযোজন** | (২ক) উপধারা (২)-এ উল্লিখিত নিরীক্ষা ব্যতিরেকেও Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973)-এর Article 2(1)(b)-তে সংজ্ঞিত চার্টার্ড একাউন্টেন্ট দ্বারা কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং কর্তৃপক্ষ এতদুদ্দেশ্যে এক বা একাধিক চার্টার্ড একাউন্টেন্ট নিয়োগ করিতে পারিবে। |